

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

ঢাকাৎ ২৯ ডিসেম্বর, ২০১৫

### প্রেস বিজ্ঞপ্তি


২০১৫-২০১৬ অর্থবছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল ও নভেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ের আয়কর অনুবিভাগের রাজস্ব আদায় সংক্রান্ত অগ্রগতি ও পর্যালোচনা বিষয়ক মাসিক রাজস্ব সম্মেলন আজ ২৯ ডিসেম্বর, ২০১৫ সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন। রাজস্ব সম্মেলনে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) বেগম তন্দু শিকদার, সদস্য (কর আপীল ও অব্যাহতি) জনাব কালিপদ হালদার, সদস্য (কর জরীপ ও পরিদর্শন) জনাব মোঃ লোকমান চৌধুরী, সদস্য (কর নীতি) জনাব পারভেজ ইকবাল এবং সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) জনাব মোঃ আব্দুর রাজ্জাক সহ জাতীয় রাজস্ব বোর্ডের উদ্দতন কর্মকর্ত্তব্য, মাঠ পর্যায়ে আয়কর অনুবিভাগ সংশ্লিষ্ট কমিশনারগণ উপস্থিত ছিলেন।

সভায় সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড আয়কর অনুবিভাগের সকল পর্যায়ের কর্মকর্ত্তা-কর্মচারীদের উদ্দেশ্যে কতিপয় গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন যা নিম্নরূপঃ

- কর বিভাগের সকল কর্মকর্ত্তা-কর্মচারীদের সেবাধর্মী মনোভাব নিয়ে কাজ করতে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়। যাতে করে কর বিভাগের প্রতি জনগণের ইতিবাচক দৃষ্টিভঙ্গি অব্যাহত থাকে। ইতোমধ্যে কর বিভাগের কর্মকর্ত্তা-কর্মচারীগণ করদাতা উদ্বৃদ্ধকরণ ও সেবাধর্মী বিভিন্ন কর্মসূচী (জাতীয় আয়কর দিবস, আয়কর মেলা, শীতকালীন আয়কর মেলা, কর তথ্য ও সেবা কেন্দ্র চালু, করদাতা উদ্বৃদ্ধকরণ ও করনেট সম্প্রসারণ বিষয়ক সভা আয়োজন ইত্যাদি) সফলভাবে পালন করেছেন। ভবিষ্যতেও এ সকল সফল কর্মকান্ডের ধারাবাহিকতা ও ইমেজ যেন অব্যাহত থাকে সে বিষয়ে সর্বদা সজাগ থাকতে হবে;
- চাহিদা ভিত্তিক সময়োপযোগী ও ফলাফল সমৃদ্ধ কারিকুলাম প্রণয়নের মাধ্যমে কর বিভাগের সকল কর্মকর্ত্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেয়ার জন্য বিসিএস কর একাডেমীর মহাপরিচালক কে নির্দেশনা প্রদান করা হয়;
- মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুসারে জনগণের উপর করেন বোৰ্ড না বাড়িয়ে করনেট সম্প্রসারণের জন্য অধিকতর উদ্যোগী হতে এবং উপজেলা পর্যায়ে অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত সুধীজন, ব্যবসায়ী এবং স্বচ্ছ নাগরিকদের কর প্রদানে উৎসাহ প্রদানের জন্য সকল উপজেলায় জনপ্রতিনিধিদের প্রয়োজনীয় সহায়তা নিশ্চিতভাবে প্রাপ্তির লক্ষ্যে করদাতা উদ্বৃদ্ধকরণ সভা আয়োজনের নির্দেশনা দেয়া হয়;
- মাঠ পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্ত্তাদের রাজস্ব আদায় সংশ্লিষ্ট কাজে কর বিভাগের কর্মকর্ত্তা-কর্মচারীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব এর পক্ষ থেকে দিক নির্দেশনা প্রদান করায় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

পরিশেষে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড উপস্থিত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে তাঁর দিক-নির্দেশনামূলক সমাপনী বক্তব্যে বলেন, ‘জনবাক্তব্য তথা করদাতাবাক্তব্য আধুনিক, স্বয়ংসম্পূর্ণ এবং পূর্ণাঙ্গ রাজস্ব প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। আমরা সকলে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে “রূপকল্প-২০২১” বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী, সমৃদ্ধ, শিক্ষিত এবং স্বাভালম্বী বাংলাদেশ গড়ে তুলতে সক্ষম হবো। এক্ষেত্রে আমরা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে করদাতাদের সাথে বক্তৃতপূর্ণ সম্পর্ক তৈরীসহ সঠিকভাবে স্ব স্ব কর্ম ও দায়িত্ব সম্পাদন, শুন্ধাচার চৰ্চা, সুনাম ও সুশৃঙ্খলা বজায় রেখে রাজস্ব আহরণের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবো।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিন্যস্ত অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ, মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।